



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট
কোটবাড়ী, কুমিল্লা।



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ওয়েব সাইট- www.cumillapoly.gov.bd
ই-মেইল- comillapoly65054@yahoo.com ফোন-০৮১-৭৬০৭৭

স্মারক নং- কুপই/সংস্থাপন/বিজ্ঞপ্তি/২০২০/

তারিখ : /০৫/২০২০ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.১৩৫(১০০০), তারিখ : ০৪/০৫/২০২০ খ্রিঃ মোতাবেক অত্র ইনস্টিটিউটের সকল কর্মকর্তা, শিক্ষক, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ১৬/০৫/২০২০ খ্রিঃ পর্যন্ত শর্তসাপেক্ষে বিদ্যমান সাধারণ ছুটি বৃদ্ধি করায় বর্ণিত সময়ে অত্র ইনস্টিটিউট বন্ধ থাকবে এবং ১৭/০৫/২০২০ খ্রিঃ তারিখ হতে ইনস্টিটিউটের সকল কার্যক্রম যথারীতি চলবে।

- ছুটিকালীন সময়ে পরীক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারী, নিরাপত্তার কাজে জড়িত কর্মকর্তা-কর্মচারী, বিদ্যুৎ কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী ও পাম্প ড্রাইভার যথারীতি স্ব স্ব দায়িত্বে নিয়োজিত থাকবেন।
- উক্ত ছুটিকালীন সময়ে সার্বিক নিরাপত্তার স্বার্থে সংশ্লিষ্ট সকলকে তাহাদের স্ব স্ব বিভাগ/শাখার/সপ/ল্যাব/অন্যান্য কক্ষ সমূহের দরজা, জানালা ও বৈদ্যুতিক সূইচ সমূহ বন্ধসহ যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।
- বর্ণিত ছুটিতে একান্ত জরুরী প্রয়োজনে কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীগণকে নিম্নস্বাক্ষরকারীর অনুমতি ব্যতিত কর্মস্থল ত্যাগ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- বর্ণিত ছুটিকালীন সময়ে নিজ নিজ বাসায় অবস্থান করার জন্য (জরুরি প্রয়োজন ব্যতিত বাহিরে যাওয়া থেকে বিরত থাকাসহ) নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ রিহান উদ্দিন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট

কোটবাড়ী, কুমিল্লা।

স্মারক নং- কুপই/সংস্থাপন/বিজ্ঞপ্তি/২০২০/৩৮৮৩(১৬),

তারিখ : ০৫/০৫/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪. পরিচালক (প্রশাসন) কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. পুলিশ সুপার, কুমিল্লা।
৭. উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
৮. চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান : সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/পাওয়ার/ইলেকট্রনিক্স/কম্পিউটার/নন-টেক, অত্র ইনস্টিটিউট। (বিষয়টি আপনার বিভাগে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রীদের অবহিত করার অনুরোধসহ)
৯. জেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা।
১০. সভাপতি/সাধারণ সম্পাদক : বাপশিস/বাপশিপ/বাকাশিঅকস, অত্র ইনস্টিটিউট।
১১. হোস্টেল সুপার : ময়নামতি আলমগীর ছাত্রাবাস/শহীদুল্লাহ আবু ইউছুফ খান ছাত্রাবাস/ছাত্রী নিবাস, অত্র ইনস্টিটিউট
১২. জনাব আবদুল ওয়াদুদ, ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান (টেক) কম্পিউটার ও সদস্য “ওয়েব সাইট হালনাগাদ কমিটি”, অত্র ইনস্টিটিউট (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. শাখা প্রধান : সংস্থাপন/হিসাব/একাডেমিক/স্টোর/লাইব্রেরী/নিরাপত্তা, অত্র ইনস্টিটিউট।
১৪. জনাব
১৫. নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
১৬. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ রিহান উদ্দিন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট

কোটবাড়ী, কুমিল্লা।